দৈনিক ইত্তেফাক

তারিখ JUN 24 1999
পৃঃ ৪ কলাম ৪

345

# একটি বিদ্যালয়ের নানা সমস্যা

নড়াইল জেলার লোহাগড়া থানাধীন ৬ নং জয়পুর ইউনিয়নের অন্তর্গত চাচই ধানাইড় সরকারী প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠাকাল হইতে সুনামের সহিত পরিচালিত হইয়া আসিতেছে। এ বিদ্যালয় হইতে প্রতি বছর ২/৩ জন ছাত্র-ছাত্রী ট্যালেন্টপুলসহ সাধারণ গ্রেডে বৃত্তি পাইয়া থাকে। বর্তমানে ৫/৬ শত ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। কিন্তু দুঃখের বিষয়, বিদ্যালয়টি অবহেলিত ও নানা সমস্যায় জর্জরিত। বিদ্যালয়টি অবস্থিত একটি টিনশেড ঘরে যাহা প্রয়োজনের তুলনায় অতি ছোট চেয়ার, টেবিল, বেঞ্চেরও অভাব রহিয়াছে। বিদ্যালয়ে অফিসসহ মাত্র ৩টি শ্রেণী কক্ষ রহিয়াছে। ফলে প্রায়শ ছেলে-মেয়েদের খোলা আকাশের নীচে বসিয়া শিক্ষা গ্রহণ করিতে হয়। বেঞ্চের অভাবে দাঁড়াইয়া অথবা মাটিতে বসিয়া ক্লাস করিতে হয়। অফিস কক্ষে আলমারীর অভাবে দরকারী কাগজপত্র এলোমেলোভাবে রাখিতে হয়। বিদ্যালয়ে কোন টয়লেট না থাকায় ছাত্র/ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাদের প্রায়শই বিড়ম্বনাকর পরিস্থিতিতে পড়িতে হয়। যাহা হউক, বর্তমানে সবচাইতে যাহা জরুরি তাহা হইতেছে বিদ্যালয়ের টিনের ঘরটির পরিবর্তে একটি পাকা ভবন ও দুইটি টয়লেট নির্মাণ। তাহাছাড়া ছাত্র/ছাত্রীদের বসার জন্য পর্যাপ্তসংখ্যক বেঞ্চ এবং শিক্ষক-শিক্ষিকাদের জন্য চেয়ারের ব্যবস্থা করা ও শিক্ষকের সংখ্যা বাড়ানো প্রয়োজন। উপরোক্ত সমস্যাবলীর সমাধান করিয়া বিদ্যালয়টিকে একটি আদর্শ বিদ্যালয়ে পরিণত করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

এস,এম, কামরুল ইসলাম
গ্রাম- চাচই ধানাইড়,
পোঃ আড়িয়ারা,
থানা- লোহাগড়া,
জেলা- নড়াইল